

## 💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ হিজরত, মি'রাজ, ওফাত ইত্যাদি বিষয়ক জাল হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৯. জাবিরের (রা) সন্তানদের জীবিত করা

প্রচলিত একটি গল্পে বলা হয়, জাবির ইবনু আব্দুল্লাহ (রা) রাসূলুল্লাহ (ৠৄর্চ্চ)-কে দাওয়াত দেন। ইত্যবসরে জাবিরের এক পুত্র আরেক পুত্রকে জবাই করে। এরপর সে ভয়ে পালাতে যেয়ে চুলার মধ্যে পড়ে পুড়ে মারা যায়। জাবির (রা)-এর স্ত্রী এ সকল বিষয় গোপন রেখে রাসূলুল্লাহ (ৠৄর্চ্চ) -এর মেহমানদারী করেন। ... এরপর মৃত পুত্রদ্বয়কে তাঁর সম্মুখে উপস্থিত করেন। ... রাসূলুল্লাহ (ৠৄর্চ্চ)-এর দোয়ায় তারা জীবিত হয়ে ওঠে।... পুরো কাহিনীটি আগাগোড়াই বানোয়াট, ভিত্তিহীন ও মিথ্যা।

## ফুটনোট

[1] দরবেশ হূত, আসনাল মাতালিব, পৃ. ২৮২; মুহাম্মাদ ইবনুল বাশীর, তাহ্যীর, পৃ. ৭৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4821

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন